



তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

সাধারণ প্রশাসন শাখা

www.titasgas.org.bd

তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান

বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১২১৫

নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০১.২৩.৭২৯

তারিখ: ৪ আশ্বিন ১৪৩০

১৯ সেপ্টেম্বর ২০২৩

স্থায়ী আদেশ নং-০৪/২০২৩

পরিবহন বিভাগের ওয়ার্কসপে এবং বাহিরের ওয়ার্কসপে গাড়ী মেরামতের ক্ষেত্রে গাড়ী মেরামতের যন্ত্রাংশ/মালামালের গুণগত মান নিশ্চিতকরণের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি স্থায়ী কমিটি গঠন করা হলোঃ

| | | |
|-----|--|------------|
| ১.১ | সংযুক্ত গাড়ী ব্যবহারী কর্মকর্তা/দাপ্তরিক গাড়ী নিয়ন্ত্রণকারী বিভাগীয় প্রধান/ ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, পেট্রোবাংলা, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয়ে ব্যবহৃত গাড়ীর ক্ষেত্রে মহাব্যবস্থাপক(জেনারেল সার্ভিসেস) | আহ্বায়ক |
| ১.২ | ব্যবস্থাপক (মনিহারী শাখা, ভান্ডার বিভাগ) | সদস্য |
| ১.৩ | ব্যবস্থাপক (সিডিএম সেল, পাইপ লাইন ডিজাইন বিভাগ) | সদস্য |
| ১.৪ | ব্যবস্থাপক(যানবাহন রক্ষণাবেক্ষন শাখা, পরিবহন বিভাগ) | সদস্য-সচিব |

২। কমিটির করণীয়:

২.১। কমিটি বিভাগীয় একজন কর্মকর্তা ও সংশ্লিষ্ট গাড়ী চালকের তত্ত্বাবধানে সরবরাহকারীর নিকট হতে ডেলিভারী চালানোর মাধ্যমে মালামাল/যন্ত্রাংশ গ্রহণ নিশ্চিত করবে;

২.২। বিভাগীয় ওয়ার্কসপে গৃহিত মালামাল সংশ্লিষ্ট গাড়ীতে যথাযথভাবে লাগানো হচ্ছে কিনা নিশ্চিত করার লক্ষ্যে গাড়ী ব্যবহারী কর্মকর্তা/প্রযোজ্য ক্ষেত্রে গাড়ী ব্যবহারকারীর প্রতিনিধি ও সংশ্লিষ্ট গাড়ীচালকের উপস্থিতিতে গাড়ীতে মালামাল/যন্ত্রাংশ সংযোজন নিশ্চিত করবে;

২.৩। বাহিরের ওয়ার্কসপে গাড়ী মেরামতের ক্ষেত্রে বিভাগীয় একজন কর্মকর্তা, গাড়ী ব্যবহারী কর্মকর্তা/প্রযোজ্য ক্ষেত্রে গাড়ী ব্যবহারকারীর প্রতিনিধি ও সংশ্লিষ্ট গাড়ীচালকের উপস্থিতিতে কার্যাদেশে উল্লেখিত কারিগরী বিনির্দেশনা, ব্র্যান্ড, অরিজিন, মডেল অনুযায়ী মালামাল/যন্ত্রাংশ গাড়ীতে সংযোজন নিশ্চিত করবে;

২.৪। কমিটি কারিগরী বিনির্দেশনা, ব্র্যান্ড, অরিজিন, মডেল অনুযায়ী মালামাল/যন্ত্রাংশ গাড়ীতে সংযোজনের পূর্বে গুণগতমান নিশ্চিত করবে। কমিটি সংযুক্ত গাড়ী/দাপ্তরিক গাড়ীর ক্ষেত্রে উপমহাব্যবস্থাপক (পরিবহন) এবং ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, পেট্রোবাংলা, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয়ে ব্যবহৃত গাড়ীর ক্ষেত্রে মহাব্যবস্থাপক(জেনারেল সার্ভিসেস) বরাবর একটি গুণগতমান প্রতিবেদন দাখিল করবে।

৩। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।



২০-৯-২০২৩

সারওয়াত জাহান

উপমহাব্যবস্থাপক

ফোন: ৫৫০১২৭০৯

ইমেইল: titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০১.২৩.৭২৯/১(২৮৮)

তারিখ: ৪ আশ্বিন ১৪৩০

১৯ সেপ্টেম্বর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) উপব্যবস্থাপনা পরিচালক/মহাব্যবস্থাপক (সকল)
- ২) উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল
- ৩) উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল
- ৪) উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল
- ৫) ব্যবস্থাপক (সাধারণ)- সকল
- ৬) ব্যবস্থাপক (হিসাব)- সকল
- ৭) ব্যবস্থাপক (কারিগরি)- সকল
- ৮) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৯) সহকারী ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড



২০-৯-২০২৩

সারওয়াত জাহান

উপমহাব্যবস্থাপক